

| | |
|--------------------------------|--------------------|
| দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | |
| তারিখ | ২৩/৬/২০২০ |
| বাজেট | দ্রুত ব্যবস্থা নিন |
| জরুরি | আলোচনা করুন |
| উপস্থাপন করুন | উপস্থাপন করুন |
| নথীজাত করুন | নথীজাত করুন |

অতি জরুরি
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০৬.২০০২-৮৩৬

তারিখঃ ১৮ জুন ২০২০
০৪ আষাঢ় ১৪২৭

বিষয়ঃ ২০২০-২১ অর্থবৎসরের মঞ্জুরি দাবি জাতীয় সংসদে ভোটের জন্য উপস্থাপন।

মাননীয় অর্থমন্ত্রী ২০২০-২১ অর্থবৎসরের বাজেট ১১ জুন, ২০২০ তারিখে জাতীয় সংসদে উপস্থাপন করিয়াছেন। বাজেটের উপর সাধারণ আলোচনা সমগ্র বাজেট বা তৎসংক্রান্ত নীতির মধ্যেই সীমাবদ্ধ থাকিবে। সাধারণ আলোচনা শেষে উত্তর প্রদানের অধিকার মাননীয় অর্থমন্ত্রীর থাকিবে। অবশ্য ইহার পূর্বে অন্যান্য মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীগণ প্রয়োজনবোধে অনুগ্রহপূর্বক তাঁহাদের নিজ নিজ মন্ত্রণালয় সম্পর্কিত যে কোন বিশেষ প্রশ্নের উত্তর দিবেন।

২। ২০২০-২১ অর্থবৎসরের মঞ্জুরি দাবির উপর ভোট গ্রহণকালে দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীগণ সংযোজিত তফসিলের তৃতীয় স্তম্ভে প্রদর্শিত প্রত্যেকটি ক্ষেত্রে নিম্নলিখিত প্রস্তাব আকারে দাবী পেশ করিয়া ভোট গ্রহণের অনুরোধ জানাইবেনঃ

“ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
..... খাতে ২০২১ সালের ৩০ জুন তারিখে সমাপ্য
অর্থবৎসরের প্রয়োজনীয় সাকুল্য পরিচালন এবং উন্নয়ন ব্যয় নির্বাহকল্পে মহামান্য রাষ্ট্রপতিকে অনধিক
..... ২৩৭৮,৯৫,০০,০০০ টাকা মঞ্জুর করা হউক।”

৩। ২০২০-২১ অর্থবৎসরের বাজেটের উপর সাধারণ আলোচনা এবং মঞ্জুরি দাবিসমূহের উপর ছাঁটাই প্রস্তাব সম্পর্কে আলোচনা ও ভোট গ্রহণকালে বিভিন্ন খাত সম্পর্কে দায়িত্ব বিভাজন সংযোজিত তফসিলের চতুর্থ স্তম্ভে প্রদর্শিত হইয়াছে।

স্বাক্ষরিত/-
(সিরাজুন নূর চৌধুরী)
যুগ্মসচিব (বাজেট-১)
ফোনঃ ৯৫৭৬০৪৩

বিতরণঃ দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ।

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০৬.২০০২-৮৩৬

তারিখঃ ১৮ জুন ২০২০
০৪ আষাঢ় ১৪২৭

সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংযোজিত তফসিলসহ অনুলিপি প্রেরণ করা হইলঃ

২৬.৬.২০২০
(মোহাম্মদ আনিসুজ্জামান খান)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪৬

সিনিয়র সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা